



এমবিবি স্টেডিয়ামে আজ ইউনাইটেড বিএসটি ও কসমোপলিটন মুখোমুখি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। কসমোপলিটন খেলবে ইউনাইটেড বিএসটির বিরুদ্ধে। ক্লাব দুটির মধ্যে সড়ক দুর্ভেদ্য এক কিলোমিটারেরও কম হলেও চলতি ক্রিকেট মরশুমে চতুর্থ টুর্নামেন্টে প্রথম সাক্ষাৎকার ঘটতে চলেছে এই দুটি ক্লাবের মধ্যে। সুপার ডিভিশনে ক্লাব দুটি ছিল না। সমীপবর্তী স্মৃতি টি-টোয়েন্টি

ক্রিকেট আসরে দুটি দল দুটি গ্রুপ থেকেই চতুর্থ স্থান অর্জন করে কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছিল। লীগ পর্যায়ের খেলায় কসমোপলিটন মৌচাককে ছয় উইকেটে, শতদল সংঘকে সাত উইকেটে, ও পিসিকে ৮ উইকেটে এবং ইউনাইটেড ফ্রেন্ডস কে সাত রানে পরাজিত করলেও সংহতির

কাছে নয় রানে এবং চলমান সংঘের কাছে চল্লিশ রানে পরাজিত হয়েছিল। কোয়ার্টার ফাইনালে জেসিসি-র কাছে কুড়ি রানে হেরে নকআউট হয়েছিল। একইভাবে ইউনাইটেড বিএসটি লীগের খেলায় ছয় উইকেটে পোলস্টারকে, বিসিসিকে ৮ উইকেটে, হার্ভেকে চার উইকেটে

এবং ব্লাডমাউথকে দুই উইকেটে পরাজিত করলেও জেসিসি-র কাছে ১১৩ রানে এবং স্ফুলিঙ্গের কাছে ৮ রানে পরাজিত হয়েছিল। কোয়ার্টার ফাইনাল ম্যাচে ইউনাইটেড ফ্রেন্ডসের কাছে ১০০ রানে হেরে টুর্নামেন্ট থেকে ছিটকে যেতে হয়েছিল। তখন মেমোরিয়াল নকআউট ক্রিকেটে গতবারের রানার্স টিম

কসমোপলিটন এবারকার ফাইনালে সংহতির কাছে ১৩৪ রানে হেরে রানার্স খেতাবেই সন্তুষ্ট থাকতে হয়েছে। অপরদিকে ইউনাইটেড বিএসটি পি-কোয়ার্টার ফাইনালে ইউনাইটেড ফ্রেন্ডস এর কাছে ১০ উইকেটে হেরে নকআউট হয়েছিল।

পিটিএজি-তে পোলস্টার-ওপিসি ম্যাচ মরশুমে দু-দলের প্রথম সাক্ষাৎকার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। সন্তোষ মেমোরিয়াল প্রথম ডিভিশন লীগ ক্রিকেটে পোলস্টার খেলবে ওপিসি-র বিরুদ্ধে। চলতি ক্রিকেট মরশুমে চতুর্থ টুর্নামেন্টে প্রথম সাক্ষাৎকার ঘটতে চলেছে এই দুটি ক্লাবের মধ্যে। পিটিএজি-তে সকাল পৌনে নয়টায় শুরু হবে ম্যাচ। সুপার ডিভিশনে দল দুটি ছিল না। সমীপবর্তী স্মৃতি

টি-টোয়েন্টি ক্রিকেট আসরে দুটি দল দুটি গ্রুপ থেকে সেরা চারে স্থান পেয়ে কোয়ার্টার ফাইনালে প্রবেশ করতে পারেনি। লীগ পর্যায়ের খেলায় পোলস্টার একমাত্র জয় পেয়েছিল বনমালীপুর ক্রিকেট ক্লাবকে ৩ উইকেটে হারিয়ে। বাকি পাঁচটি ম্যাচেই তাদের হারতে হয়েছিল। পক্ষান্তরে ওল্ড প্লে সেন্টার গ্রুপ এ-তে একটি ম্যাচেও জয়ের স্বাদ পাওয়ার সৌভাগ্য

হয়নি। গ্রুপের ছয় ম্যাচের ছটিতেই হারতে হয়েছিল। তখন মেমোরিয়াল নকআউট ক্রিকেটে পোলস্টার পি-কোয়ার্টার ফাইনালে ব্লাড মাউথের কাছে নয় উইকেটে এবং ওপিসি ১১৯ রানের ব্যবধানে হার্ভের কাছে হেরে বিদায় নিয়েছিল। আগামীকাল সন্তোষ মেমোরিয়াল ক্রিকেটে কোন দল প্রধান্য বিস্তার করে খেলে, এখন সেটিই দেখার বিষয়।

সন্তোষ স্মৃতি ১ম ডিভিশন ক্রিকেটে টিআইটি মাঠে আজ মৌচাক - হার্ভে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। তখন মেমোরিয়াল ক্রিকেটে কোয়ার্টার ফাইনাল ম্যাচে হেরে বিদায় নেওয়াটা হার্ভের কাছে এখন ইতিহাস। সেটা মন থেকে দূরে সরিয়েই আগামীকাল মৌচাকের মুখোমুখি হচ্ছে। টিআইটি গ্রাউন্ডে খেলা। সন্তোষ মেমোরিয়াল প্রথম ডিভিশন লীগ

ক্রিকেট টুর্নামেন্টের। চলতি ক্রিকেট মরশুমে তাদের মধ্যেও এটি প্রথম সাক্ষাৎকার ঘটতে যাচ্ছে। এর আগে সদ্য শেষ হওয়া তখন মেমোরিয়াল নকআউট ক্রিকেটে হার্ভে ক্লাব কোয়ার্টার ফাইনালে ইউনাইটেড ফ্রেন্ডসের কাছে ৩৩ রানে হেরে বিদায় নিতে হয়েছিল। পি-কোয়ার্টার ফাইনালে

অবশ্য ১১৯ রানের দারুণ ব্যবধানে ওল্ড প্লে সেন্টারকে হারিয়ে কোয়ার্টার ফাইনালে খেলার ছাড় পত্র পেয়েছিল। সমীপবর্তী স্মৃতি টি-টোয়েন্টি ক্রিকেট আসরে লীগ পর্যায়ে হার্ভে দুটি ম্যাচে জয় পেয়েছিল। পোলস্টার কে সাত রানে এবং বনমালীপুর ক্রিকেট ক্লাব কে ৪২ রানে

হারালেও মূল পর্বে পৌঁছাতে পারেনি। মৌচাকের অবস্থা আরো সঙ্গীন। তখন মেমোরিয়াল ক্রিকেটে পি-কোয়ার্টার ফাইনালে মৌচাক বনমালীপুর ক্রিকেট ক্লাবের কাছে ৫৬ রানে হেরে ছিটকে যেতে হয়েছিল। সমীপবর্তী স্মৃতি টি-টোয়েন্টি ক্রিকেটে লীগ পর্যায়ে মৌচাক ছটি

ম্যাচের মধ্যে একমাত্র ওল্ড প্লে সেন্টারকে ৮৩ রানে হারানোর স্বাদ পেয়েছিল। পাঁচ ম্যাচে পরাজয়ের কারণে মূল পর্বে পৌঁছাতে পারেনি। আগামীকাল হার্ভের বিরুদ্ধে জয় পেতে মরিয়া মৌচাক। ক্রিকেট প্রেমীরা মূলতঃ প্রহর গুনাচ্ছে ভালো খেলা দেখার জন্য।

জাতীয় মহিলা ফুটবলে টানা জয়ে মনিপুর শীর্ষে : ওড়িশা, হরিয়ানাও জয়ী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। মনিপুর গ্রুপ শীর্ষে টানা দুই ম্যাচে দুর্গা জয় ছিনিয়ে ছয় দলীয় গ্রুপ বি-তে মনিপুর শীর্ষে অবস্থান করছে। প্রথম ম্যাচে ঝাড়খণ্ডকে ৭-০ গোলে হারালেও দ্বিতীয় দিন শনিবার, দ্বিতীয় ম্যাচে সিকিম কে ৯-২ গোলে হারিয়ে মনিপুর মূলতঃ মূল পর্বের লক্ষ্যে এগোচ্ছে। তবে দ্বিতীয় রাউন্ডের খেলায় হরিয়ানা এবং ওড়িশাও প্রথম জয়ের স্বাদ পেয়েছে।

হরিয়ানা প্রথম ম্যাচে উড়িষ্যার বিরুদ্ধে এক-এক গোলে ড্র করে পয়েন্টের ভাগ বসিয়েছিল। শনিবারে ঝাড়খণ্ডকে ২-০ গোলে হারিয়ে পুরো ৩ পয়েন্ট অর্জন করে নিয়েছে। উড়িষ্যা অবশ্য এক খাপ এগিয়ে রয়েছে, শনিবারে দ্বিতীয় রাউন্ডের খেলায় মহারাষ্ট্রকে ৪-১ গোলে হারানোর মধ্য দিয়ে। দুটি করে ম্যাচ খেলে দু-দলের পয়েন্ট সমান হলেও গোল ব্যবধানের নিরিখে উড়িষ্যা রয়েছে হরিয়ানার

উপরে। কলকাতায় আয়োজিত ২৮তম সিনিয়র মহিলা জাতীয় পর্যায়ের ফুটবল টুর্নামেন্ট তথা রাজ্যমাতা জিজাভাদি ট্রফি, ১২ দলীয় ফুটবল আসরের ফাইনাল রাউন্ডের খেলা এখন বেশ জমজমাট। দিনের খেলা: সকাল আটটায় কিশোর ভারতী স্টেডিয়ামে তামিলনাড়ু বনাম রেলওয়েজ। বিকেল চারটায় পশ্চিমবঙ্গ বনাম দিল্লি এবং চন্ডিগড় বনাম পাঞ্জাব।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়

রেণুবো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল :- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল : rainbowprintingworks@gmail.com

